সংবাদ

তারিখ 17 NOV 2016
পৃষ্ঠা ২ কলাম ৪

# এসএসসি পরীক্ষা ২ ফেব্রুয়ারি থেকে

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ২ ফেব্রুয়ারি থেকে শুরু হবে ২০১৭ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমানের পরীক্ষা। অন্যান্য বছরের মতো এবারও সকালের পরীক্ষা ১০টা থেকে ১টা এবং বিকেলের পরীক্ষা ২টা থেকে ৫টা পর্যন্ত নেয়া হবে। গতকাল ঢাকা বোর্ডের ওয়েবসাইটে পরীক্ষার এই সময়সূচি প্রকাশ করা হয়েছে। এর আগে মঙ্গলবার আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপকমিটি এসএসসির সময়সূচি অনুমোদন করে। সূচি অনুযায়ী গত বছরের মতো এবারও মাধ্যমিক পরীক্ষায় শিক্ষার্থীদের এমসিকিউ অংশের উত্তর আগে দিতে হবে। পরে নেয়া হবে সৃজনশীল/রচনামূলক অংশের পরীক্ষা। আইনগত বাধ্যবাধকতা না থাকলেও সরকার সাধারণত পহেলা ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু করে থাকে। এ বছর পহেলা ফেব্রুয়ারি সরস্বতী পূজার কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে। তাই ২রা ফেব্রুয়ারি এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। সময়সূচি অনুযায়ী, ২রা ফেব্রুয়ারি থেকে ২রা মার্চ পর্যন্ত আটটি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এসএসসির তত্ত্বীয় পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ৪ঠা মার্চ সংগীতের ব্যবহারিক পরীক্ষা এবং ৫ থেকে ১১ মার্চের মধ্যে বেসিক ট্রেডসহ এসএসসির সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা নেয়ার কথা বলা হয়েছে। নির্দেশনায় বলা হয়েছে, পরীক্ষার্থীরা সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন। কেন্দ্র সচিব ছাড়া অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবেন না।